# জাতিসংঘের তত্ত্বাবধানে হাদি হত্যার তদন্ত চাই: ইনকিলাব মঞ্চ




সংবাদ সম্মেলনে ইনকিলাব মঞ্চের সদস্যরা। ছবি: সংগৃহীত

ইনকিলাব মঞ্চ রাষ্ট্রীয় উদাসীনতা ও সহযোগিতাহীনতার অভিযোগ তুলে শহীদ ওসমান বিন হাদি হত্যার মামলায় জাতিসংঘের তত্ত্বাবধানে আন্তর্জাতিক তদন্ত দাবি করেছে।

মঙ্গলবার (৩ ফেব্রুয়ারি) বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে এক সংবাদ সম্মেলনে এই দাবি জানানো হয়। মঞ্চের সদস্য সচিব আবদুল্লাহ আল জাবের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টাকে আগামী ২৪ ঘণ্টার মধ্যে জাতিসংঘে আনুষ্ঠানিকভাবে চিঠি পাঠানোর আহ্বান জানান।

জাবের অভিযোগ, মামলার বাদী হওয়া সত্ত্বেও তাকে তদন্তের অগ্রগতি জানানো হয়নি এবং গুরুত্বপূর্ণ তথ্যও গোপন রাখা হচ্ছে। তিনি আরও উল্লেখ করেন, হাদি হত্যার ন্যায়বিচার না হলে এবং সুষ্ঠু নির্বাচন ব্যাহত হলে এর দায় নির্বাচনে অংশ নেওয়া দলগুলোর উপরই বর্তাবে।

প্রধান উপদেষ্টার সঙ্গে দেখা না হওয়ার বিষয়েও ক্ষোভ প্রকাশ করেন জাবের। তিনি জানান, গত চার দিন ধরে সব চেষ্টা সত্ত্বেও ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করা সম্ভব হয়নি।

LENS ASIA